



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-২১), ৮ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

বিষয় : আইসিবি ইউনিট ফান্ডের CIP সার্টিফিকেট উত্তোলন, BEFTN এর মাধ্যমে নগদ লভ্যাংশ ধারকের ব্যাংক হিসাবে জমাকরণ, KYC ফরম পূরণ ও E-TIN সার্টিফিকেট জমা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি।

আইসিবি ইউনিট সার্টিফিকেট ধারকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি ইউনিট ফান্ডের ২০১৭-২০১৮ অর্থবছরের ঘোষিত লভ্যাংশের বিপরীতে সিআইপি অপশনভুক্ত ধারকগণের অনুকূলে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে সিআইপি (CIP) সার্টিফিকেট ইস্যু করা হয়েছে। আলোচ্য বছর ও বিগত বছরসমূহের সিআইপি সার্টিফিকেটসমূহ সংগ্রহ করা না হয়ে থাকলে উপরোক্ত ঠিকানা হতে অফিস সময়ের মধ্যে (সকাল ১০.৩০ ঘটিকা হতে ৪.০০ ঘটিকা পর্যন্ত) সংগ্রহের জন্য ইউনিট ধারক/ধারকগণকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

০২। আইসিবি ইউনিট ফান্ডের নগদ লভ্যাংশ অপশনভুক্ত ধারকগণের নগদ লভ্যাংশ BEFTN (Bangladesh Electronic Fund Transfer Network) এর মাধ্যমে সরাসরি ব্যাংক হিসাবে জমাকরণের লক্ষ্যে প্রতিটি রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে পৃথক পৃথক আবেদন ফরমে নিজ নিজ ব্যাংক হিসাব নম্বর, রাউটিং নম্বর, ব্যাংক ও শাখার নাম, টেলিফোন নম্বর উল্লেখপূর্বক চেকের পাতার ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং ০১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে প্রধান কার্যালয়ের ইউনিট ধারকগণকে সরাসরি প্রধান কার্যালয়ে এবং ব্যাংক ও শাখা কার্যালয় হতে ক্রয়কারী ইউনিট ধারকগণকে সংশ্লিষ্ট ব্যাংক ও শাখার মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়া, যে সকল ইউনিট ধারকগণ উৎসে কর কর্তনের ক্ষেত্রে ১২(বার) ডিজিট সম্বলিত E-TIN(Electronic Tax Identification Number) সার্টিফিকেট জমা প্রদান করেননি তাঁদেরকে রেজি. নম্বর ও মোবাইল নম্বর উল্লেখপূর্বক E-TIN সার্টিফিকেট জমা প্রদান এবং KYC ফরম পূরণ করে জমা প্রদানের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

মাহমুদা আক্তার
উপ-মহাব্যবস্থাপক
মিউচুয়াল ফান্ডস ডিভিশন
ফোনঃ ৯৫৬১৪১৯, ৯৫৬১০৭৪, ৯৫৬৩৯৮৯

